সমকাল

তারিখ 04 AUG 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৩

# ফেনীতে পিস স্কুল বদলে হলো প্রেসিডেন্সি

■ নিজস্ব প্রতিবেদক, *ফেনী*

ফেনীতে একদিনের মধ্যেই পিস স্কুলের নাম পরিবর্তন করে প্রেসিডেন্সি স্কুল অ্যান্ড কলেজ হয়ে গেছে। গত মঙ্গলবার সরকার সব পিস স্কুল বন্ধ ঘোষণার পর তাড়াহুড়া করে নাম পরিবর্তন করা হয়।

ফেনীতে জামায়াতের সমর্থন নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের দক্ষিণে শান্তি কোম্পানি এলাকায় অবস্থিত ফেনী পিস স্কুল। অন্ধকার একটি দোতলা ভবনে স্কুলের কার্যক্রম শুরু হয় কয়েক বছর আগে। বুধবার বিকেলে স্কুল প্রাঙ্গণে লাগানো হয়েছে নতুন নামের সাইনবোর্ড।

নাম রাখা হয় প্রেসিডেন্সি স্কুল অ্যান্ড কলেজ। স্কুলের সব ব্যবস্থাপনা, কর্মকর্তা ও শিক্ষকদের ■ পৃষ্ঠা ৪: কলাম ৬

## ফেনীতে পিস স্কুল বদলে হলো

[১৯ পৃষ্ঠার পর]

ঠিক রেখে শুধু নাম পরিবর্তন এক ধরনের প্রতারণা বলে মনে করা হচ্ছে। বিকেলে স্কুল প্রাঙ্গণে সরেজমিন গেলে দেখা হয় স্কুলের ১০-১২ জন শিক্ষক ও কর্মচারী নতুন সাইনবোর্ড তৈরিতে ব্যস্ত। স্থানীয় কয়েকজন দোকানি জানান, এই স্কুলে নিয়মিতভাবে প্রতিদিন কিছু অচেনা লোকজনকে দেখা যেত। তাদের সঙ্গে দেখা যায় জামায়াতের কিছু নেতাকে। স্কুলের গেট সব সময় বন্ধ রাখা হয়। স্কুলের প্রিন্সিপাল মো. মহসিনের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হলে গেটে থাকা একজন অফিস সহকারী জানান, প্রিন্সিপাল সাহেব মিটিং করছেন। এখন তার সময় নেই।